

আপনি অথবা আপনার সন্তান নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের পাবলিক স্কুলসমূহে ডায়াবেটিস-সম্পর্কিত সেবা বিষয়ের প্রস্তাবিত একটি ক্লাস অ্যাকশন নিষ্পত্তি দ্বারা প্রভাবিত হতে পারেন

এটি একটি আদালত অনুমোদিত বিজ্ঞপ্তি। এটা কোনো আইনজীবীর পক্ষে সনির্ভব অনুরোধ নয়।

আপনার সন্তান প্রস্তাবিত মামলার নিষ্পত্তিতে একজন সদস্য হতে পারে, যদি তার:

- টাইপ 1 বা টাইপ 2 ডায়াবেটিস থাকে; এবং
- কোনো নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর পাবলিক স্কুলে এখন ভর্তি আছে অথবা আগামীতে ভর্তি হবে।

2018 সালে, ডায়াবেটিস আক্রান্ত তিনজন শিক্ষার্থী, তাদের পিতামাতা কর্তৃক এবং তাদের মাধ্যমে, আমেরিকান ডায়াবেটিস অ্যাসোসিয়েশনের সাথে (মিলিত হয়ে, বাদী হিসেবে) স্কুলে ডায়াবেটিস রোগযুক্ত শিক্ষার্থীদের জন্য আরও ভালো সেবা চাওয়ার উদ্দেশ্যে বিবাদীদের (DOE, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন, অফিস অভ স্কুল হেলথ, এবং সিটি অভ নিউ ইয়র্ক) বিরুদ্ধে একটি মামলা দায়ের করেছিলেন। এই মামলাটি *M.F., এবং অন্যান্য বনাম নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন, এবং অন্যান্য*, সিভিল নম্বর 18-CV-6109 নামে পরিচিত।

2022 সালে, বিবাদীগণ কিছু নির্দিষ্ট নীতি, চর্চা, এবং প্রক্রিয়া গ্রহণে সম্মত হয়ে মামলাটির নিষ্পত্তি করেন। নিষ্পত্তির সারাংশ হলো: 1) ডায়াবেটিসযুক্ত শিক্ষার্থীদের জন্য বলিষ্ঠ সেকশন 504 পরিকল্পনাসমূহ তৈরি এবং গ্রহণ নিশ্চিতকরণের মাধ্যমে পরিকল্পনার উন্নতি সাধন করবে যার মধ্যে ডায়াবেটিস সম্পর্কিত সেবা এবং বিশেষ সুবিধাসমূহ উল্লেখ করা থাকবে, যেগুলি ডায়াবেটিস রোগ আক্রান্ত শিক্ষার্থীদের স্কুলে নিরাপদভাবে অংশগ্রহণ এবং শিক্ষা ও স্কুল-আয়োজিত কর্মকাণ্ড থেকে লাভবান হবার জন্য প্রয়োজন; 2) স্কুল নার্স, প্যারাপ্রোফেশনাল, শিক্ষক এবং অন্য স্কুল কর্মী, বাস ড্রাইভার, এবং বাস অ্যাটেনডেন্টদেরকে ডায়াবেটিস সেবার উপর প্রশিক্ষণ প্রদান করা যেন তারা ডায়াবেটিসযুক্ত শিক্ষার্থীদের চাহিদা পূরণ করতে সক্ষম হয়; 3) ন্যূনতম বিধি-নিষেধ আরোপিত পরিবেশে ডায়াবেটিস সম্পর্কিত সেবা এবং বিশেষ সুবিধা ব্যবস্থা প্রদান করা হয় যাতে শিক্ষার্থী তার সর্বাধিক সম্ভব পরিসীমায় ডায়াবেটিস-হীন শিক্ষার্থীদের সাথে লেখাপড়ায় অংশ নিতে পারে, যার ফলে শিক্ষা-নির্দেশনার সময় এবং তাদের কাছ থেকে আলাদা থাকার সময় সীমিত হয়; এবং 4) ডায়াবেটিসযুক্ত শিক্ষার্থীদের নিশ্চিত করবে যে তাদের স্কুলে এবং স্কুল-সংশ্লিষ্ট কর্মকাণ্ডে সমান সুযোগ-সুবিধা আছে যেমন ফিল্ড ট্রিপ, স্কুল-আয়োজিত আফটার-স্কুল এবং পাঠ্যক্রম বর্হিভূত কর্মকাণ্ড, এবং কোনো স্বীকৃতিপ্রাপ্ত ব্রেকফাস্ট প্রোগ্রাম - এসব কর্মকাণ্ডের সময় তারা যেন প্রয়োজনীয় ডায়াবেটিস-সম্পর্কিত সেবা এবং বিশেষ সুবিধা ব্যবস্থা লাভ করে তা আবশ্যিক করা।

আরও জানতে, অথবা নিষ্পত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তিটি অথবা চুক্তির পূর্ণ কপি পেতে, DRALEGAL.ORG দেখুন, DIABETESLAWSUIT@DRALEGAL.ORG ঠিকানায় ইমেইল করুন, অথবা (332) 217-2362 নম্বরে ফোন করুন।